

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
সারিয়াকান্দি, বগুড়া।



দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণ ও ব্যবসায়ীগণকে জানানো যাচ্ছে যে, সারিয়াকান্দি উপজেলাধীন নারচী ইউনিয়নে অবস্থিত কুপতলা উত্তর পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিম্নবর্ণিত মালামাল বিক্রয়ের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	প্রাক্কলিত মূল্য টাকা	বায়নার টাকা	নিলামের মালামাল অপসারণের জন্য নির্ধারিত সময়
১	কুপতলা উত্তর পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় এর সীমানা প্রাচীর (উত্তর-পূর্ব পার্শ্বে)।	--	১০%	কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে

- ক) নিলাম দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় : ১২/১১/২০২৩ খ্রি: রবিবার বেলা-৩.০০ ঘটিকা।  
খ) নিলাম বিক্রয়ের স্থান : উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, সারিয়াকান্দি, বগুড়া।  
গ) দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় : ১৩/১১/২০২৩ খ্রি: সোমবার বেলা-৩.০০ ঘটিকা।  
ঘ) দরপত্র গ্রহণের স্থান : উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, সারিয়াকান্দি, বগুড়া।  
ঙ) দরপত্র খোলার তারিখ ও সময় : ১৪/১১/২০২৩ খ্রি: মঙ্গলবার বেলা-১১.০০ ঘটিকা।  
চ) দরপত্রের সাথে দাখিলকৃত বায়নার টাকা ১০% হারে যে কোন সিডিউল ব্যাংক হতে বিডি/প্রে অর্ডার আকারে জমা দিতে হবে।

অতিরিক্ত শর্তাবলী :-

- ১। নিলামের মালামাল সরেজমিনে পরিদর্শন পূর্বক নিলাম দরপত্র দাখিল করতে হবে। ব্যর্থতায় পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ২। গৃহীত দরপত্র দাতাকে পত্র প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে সমুদয় টাকা জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে টাকা দিতে ব্যর্থ হলে নিলাম দরপত্র ও জামানাত বাতিল বলে গণ্য হবে।
- ৩। দাখিলকৃত মূল্যের মধ্যের অতিরিক্ত হিসাবে বিধি মোতাবেক হারে ভাট ও আইটি টাকা জমা দিলে কার্যাদেশ প্রদান করা হবে।
- ৪। সর্বোচ্চ দাখিলকৃত দর গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নহেন। সর্বোচ্চ দাখিলকৃত দর সন্তোষজনক না হলে পুনঃ নিলাম আহবান করা হবে।
- ৫। কার্যাদেশ প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে মালামাল অপসারণ করতে হবে। পথচারী, অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান, ভবন, জমির সমস্যা তৈরী না হয় সেজন্য সর্বোচ্চ সতর্কতা ও নিরাপত্তা বেষ্টনি তৈরী করতে হবে। বিলম্বের কারণে বা অন্য কোন কারণে কোন ক্ষতি/সমস্যার সৃষ্টি হলে তজ্জন্য কর্তৃপক্ষ দায়ি থাকবে না।
- ৬। মালামাল অপসারণের পূর্বে আবশ্যিকভাবে বিকল্প রাস্তা তৈরী করতে হবে।
- ৭। মালামাল অপসারণের পর স্থানটি ব্যবহার উপযোগী করতে হবে।
- ৮। বিস্তারিত তথ্যের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা যেতে পারে।
- ৯। যে কোন বিষয়ে সংশ্লিষ্ট নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। দরপত্র দাখিলের সময় সীলমোহরকৃত খামের উপর বিদ্যালয়ের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

মোঃ গোলাম কবির  
উপজেলা শিক্ষা অফিসার

সারিয়াকান্দি, বগুড়া।  
তারিখঃ ৩১/১০/২০২৩ খ্রি:

স্মারক নং- উশিঅ/সারিয়া/বগ/২০২৩/৭৪২(১১)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, বগুড়া।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সারিয়াকান্দি, বগুড়া।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া।
- ৫। উপজেলা প্রকৌশলী, সারিয়াকান্দি, বগুড়া।
- ৬। সহকারী উপজেলা শিক্ষা অফিসার ( সংশ্লিষ্ট ক্লাসটার), সারিয়াকান্দি, বগুড়া।
- ৭। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, সারিয়াকান্দি, বগুড়া।
- ৮। সভাপতি/প্রধান শিক্ষক, কুপতলা উত্তর পাড়া সরকারি প্রাথমিক, সারিয়াকান্দি, বগুড়া।
- ৯। নোটিশ বোর্ড।

মোঃ গোলাম কবির  
উপজেলা শিক্ষা অফিসার  
সারিয়াকান্দি, বগুড়া।